বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং- ৪৭.৬৩.০০০০.০৪১.১১.৪২৭.১৯/৭০২

তারিখঃ ২৫/০১/১৪২৯ বাং
০৮/০৫/২০২২ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে (http://bard.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

ক্র: নং	পদের নাম ও বেতনক্রম	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী গ্রন্থাগারিক ১৬,০০০-৩৮,৬৪০ (বেতন গ্রেড-১০)	০১ (এক)টি	৩০	(ক) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ অন্যূন স্নাতক ডিগ্রী; এবং (খ) খ্যাতনামা কোন গ্রন্থাগারে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
২.	জুনিয়র আর্টিস্ট ১১,০০০-২৬,৫৯০ (বেতন গ্রেড-১৩)	০১ (এক)টি	৩০	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে চিত্র কলায় ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩.	সহকারী শিক্ষক ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০৩ (তিন)টি	৩০	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কোন মাধ্যমিক বা প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ প্রাপ্ত।
৪.	মেকানিক ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০১ (এক)টি	৩০	(ক) কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ট্রেডে দুই বৎসরের সার্টিফিকেট কোর্স পাশ; অথবা (খ) দুই বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, পর্যাপ্ত অভিজ্ঞ ব্যক্তিগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
৫.	বিদ্যুৎ কারিগর ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০২ (দুই)টি	৩০	(ক) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ।; এবং (খ) ইলেকট্রিক লাইসেন্সিং বোর্ড হতে বৈধ লাইসেন্সসহ বিদ্যুৎ লাইনের কাজে তিন বৎসরের অভিজ্ঞতা।
৬.	ক্যাটালগার ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩২	(ক) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; অথবা (খ) গ্রন্থাগারের কাজে দুই বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭.	তথ্য সংগ্রহকারী ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, তথ্য সংগ্রহ ও কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৮.	নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার অপারেটর/ডাটা এন্ট্রি অপারেটর ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণসহ ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে এক বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং (গ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ তিন বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৯.	বিক্রেতা ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	বিক্রয় সংক্রান্ত কাজে দুই বৎসরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ: তবে শর্ত থাকে যে, মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বিভাগীয় প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১০.	মিটার রিডার ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স পাস।
১১.	ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ড্রাইভার হিসেবে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা এবং অষ্টম শ্রেণি পাস।
১২.	পাম্প ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩০	মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণসহ গভীর নলকূপ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।
১৩.	সহকারী পরিদর্শিকা ৯,০০০-২১,৮০০ (বেতন গ্রেড-১৭)	০১ (এক)টি	৩০	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন মহিলা। তবে শর্ত থাকে যে, গ্রাম পর্যায়ে সংগঠন সৃষ্টি এবং স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে অভিজ্ঞ মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১৪.	স্কীলড্ মেইনটেনেন্স ওয়ার্কার (এসএমডব্লিউ) ৮,৮০০-২১,৩১০ (বেতন গ্রেড-১৮)	০২ (দুই)টি	৪০	মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদ্যুৎ, গ্যাস, প্লাম্বিং, চিত্রকলা বা টেলিফোন অপারেটিং কাজে তিন বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
১৫.	নিটিং মাষ্টার ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩০	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বয়ন বিদ্যায় সার্টিফিকেটসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৬.	ড্রাইভার (ট্রাই হুইলার) ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩০	বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ অষ্টম শ্রেণি বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ।

ক্র: নং	পদের নাম ও বেতনক্রম	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১৭.	বাইন্ডার ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩০	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ তিন বৎসরের অভিজ্ঞতা।
১৮.	প্লাম্বিং সহকারী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩০	(ক) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ; অথবা (খ) অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ প্লাম্বিং কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা।
১৯.	সহকারী কাঠমিস্ত্রী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩০	(ক) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ; অথবা (খ) অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কাঠ মিস্ত্রীর কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা।
২০.	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০২ (দুই)টি	৩০	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ দুই বৎসরের অভিজ্ঞতা।
২১.	বাগানমালী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০২ (দুই)টি	৩০	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাগানের কাজে দুই বৎসরের অভিজ্ঞতা।
২২.	পরিচ্ছন্নতা কর্মী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৪ (চার)টি	৩০	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ পরিষ্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য শারীরিক শ্রমের কাজে দুই বৎসরের অভিজ্ঞতা।
২৩.	নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৯ (নয়)টি	৩০	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা: তবে শর্ত থাকে যে, সামরিক বাহিনী, পুলিশ বাহিনী, আনসার বাহিনী ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে: আরও শর্ত থাকে যে, উল্লিখিত বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হবে।

আবেদনের শর্তাবলীঃ

০১। আবেদন শুরুর (১২ **মে** ২০২২ খ্রিস্টাব্দ) তারিখে ন্যূনতম ১৮ বছর এবং প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:
ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।
ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
ঙ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী বয়সসীমা শিথিলযোগ্য।

০২। চাকরির জন্য আবেদন আগামী ১২ **মে** ২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে ১১ **জুন** ২০২২ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল কাগজপত্রাদির মুল কপি প্রদর্শন করতে হবে এবং বর্ণিত কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই জমা দিতে হবে:
ক. মুক্তিযোদ্ধা, আনসার, ভিডিপি, এতিম, প্রতিবন্ধী, উপজাতি প্রভৃতি কোটার সপক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণপত্র।
খ. সদ্য তোলা ০৪ (চার) কপি সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পর্কিত সকল প্রকার সনদপত্রের ফটোকপি, জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয় পত্র এবংনাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
গ. সকল সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি পত্র সঙ্গে আনতে হবে।
ঘ. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে।
ঙ. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
চ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র এবং;
ছ. অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়ন/সনদপত্র।

০৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা নিয়োগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। ৩নং থেকে ২৩নং ক্রমিক পদের প্রার্থী নির্বাচনকালে 'কোটা' সংক্রান্ত সকল সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

০৮। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং বর্ণিত নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বার্ডের ওয়েব সাইট (www.bard.gov.bd) এ পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bard.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ **মে** ২০২২ খ্রিঃ, সকাল-১০:০০টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১ জুন ২০২২ খ্রিঃ, বিকাল-০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি-বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৪/- (চব্বিশ) টাকা (অফেরতযোগ্য) মোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **BARD**<space>**UserID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BARD ABCDEF**

Reply: Applicant's Name, Tk-224 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BARD<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BARD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BARD YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARD Application for post Name User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bard.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BARD**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222 নম্বরে।

Example: **BARD Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **BARD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222 নম্বরে।

Example: **BARD Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://bard.gov.bd ওয়েবসাইটে এবং http://.bard.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজে **https://www.facebook.com/alljobsbdTeletalk** প্রবেশ করে মেসেজ এ যোগাযোগ করা যাবে, অথবা **alljobs.query@teletalk.com.bd** বা **diradmin@bard.gov.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail / মেসেজ এর Subject-এ Organization Name: **BARD**, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮/৫/২০২২

(মিলন কান্তি ভট্টাচার্য)
পরিচালক (প্রশাসন)
বার্ড, কোটবাড়ী, কুমিল্লা

F:\est4\Advertisement _Staff_2021 BARD.doc